সংবাদ।

তারিখ ১৫|২|৮০
পৃষ্ঠা ... কলাম ...

026

022

## প্রাথমিক শিক্ষকদের কাজে যোগ দেওয়ার আহবান

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান অবিলম্বে প্রাথমিক শিক্ষকদের কাজে যোগদানের জন্য পুনরায় আহবান জানিয়েছেন। তিনি গতকাল আনওয়ারা বেগম মুসলিম বালিকা বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন।

প্রধানমন্ত্রী প্রাথমিক শিক্ষকদের ১৮ই ফেব্রুয়ারীর মধ্যে কাজে যোগ দিতে বলেন। তিনি বলেন, তা না করা হলে স্থানীয় জনগণের সাহায্য নিয়ে ১৯শে ফেব্রুয়ারী সকল বিদ্যালয়ের তালা খোলা হবে। খবর বাসসের।